**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**এডিবি-১ শাখা**
**শের-ই-বাংলা নগর, ঢাকা**
**(www.erd.gov.bd)**

ঢাকা, ২২ ডিসেম্বর ২০২৫

## প্রেস বিজ্ঞপ্তি

আজ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর মধ্যে **'চট্টগ্রাম-দোহাজারী মিটার গেজ রেলপথকে ডুয়েল গেজ রেলপথে রূপান্তর'** শীর্ষক প্রকল্পের জন্য ৬৮৮ মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি ঢাকায় স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে **জনাব মোঃ শাহ্‌রিয়ার কাদের ছিদ্দিকী,** সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং এডিবি'র পক্ষে **Mr. Hoe Yun Jeong,** Country Director, বাংলাদেশ আবাসিক মিশন, এডিবি ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। উক্ত ঋণচুক্তি স্বাক্ষরকালে বাংলাদেশ সরকার ও এডিবি'র ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

**'চট্টগ্রাম-দোহাজারী মিটার গেজ রেলপথকে ডুয়েল গেজ রেলপথে রূপান্তর' শীর্ষক** প্রকল্পটি রেলপথ মন্ত্রণালয় এর অধীন বাংলাদেশ রেলওয়ে কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের উদ্দেশ্য হলো: চট্টগ্রাম-দোহাজারী অংশের (পাহাড়তলী-চট্টগ্রামসহ) ৫২ কিলোমিটার মিটার গেজ (এমজি) ট্র্যাককে ডুয়েল গেজ (ডিজি) ট্র্যাকে রূপান্তর, নির্মাণাধীন দোহাজারী-কক্সবাজার রেল করিডোরের সাথে ঢাকা-চট্টগ্রাম রেল করিডোরের সংযোগ স্থাপন করে রাজধানী ঢাকা ও পর্যটন নগরী কক্সবাজারের মধ্যে নিরবচ্ছিন্ন রেলসেবা প্রদান, বিজি ও এমজি ট্রেনগুলির ডিজাইন গতিসীমা যথাক্রমে ১২০ কিমি/ঘন্টা ও ১০০ কিমি/ঘন্টা এবং অপারেশনাল গতিসীমা যথাক্রমে ১০০ কিমি/ঘন্টা ও ৮০ কিলোমিটার/ঘন্টায় উন্নীতকরণ, পুরাতন লোকোমোটিভ প্রতিস্থাপনের জন্য প্রয়োজনীয় যন্ত্রাংশ ও সরঞ্জামসহ নতুন ৩০টি এমজি ডিজেল-ইলেকট্রিক (ডিই) লোকোমোটিভ সংগ্রহ এবং রেল যোগাযোগের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে নতুন ট্রেন পরিচালনা করা। প্রকল্প ঋণটি ৫ বছরের গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য।

এডিবি বাংলাদেশের অন্যতম প্রধান উন্নয়ন সহযোগী। ১৯৭৩ সালে সদস্যপদ লাভ করার পর হতে এডিবি এ যাবৎ বাংলাদেশ সরকারকে প্রায় ৩৫.০০ বিলিয়ন মার্কিন ডলারের ঋণ সহায়তা ও ৬৩৩.৮ মিলিয়ন মার্কিন ডলারের অনুদান সহায়তা প্রদান করেছে। বাংলাদেশে উন্নয়ন সহায়তার ক্ষেত্রে এডিবি সাধারণত বিদ্যুৎ, জ্বালানি, পরিবহন, স্বাস্থ্য, শিক্ষা, স্থানীয় সরকার, কৃষি, পানি সম্পদ ও সুশাসন সেক্টরকে প্রাধান্য দেয়।

22.12.25

মাহমুদুল ইসলাম খান
উপসচিব
এডিবি-১ শাখা
ইমেইল: adb1@erd.gov.bd